



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ৪৮/২০

তারিখঃ ২৫ নভেম্বর ২০২০খ্রিঃ


### প্রেস বিজ্ঞপ্তি

**রাজধানীতে এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক হিবুত তাহরীর ঢাকা মহানগরী প্রধানের অন্যতম সহযোগী গ্রেফতার।**

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ২৪ নভেম্বর ২০২০ তারিখ আনুমানিক রাত ৯.৩০ ঘটিকায় অভিযান পরিচালনা করে ঢাকা মহানগরীর খিলক্ষেত থানাধীন মধ্যপাড়া থেকে নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠন হিবুত তাহরীর এর এক সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- সৈয়দ ইসতিয়াক আহমদ কায়সার (২৫), পিতা- মোঃ আবুল কাশেম, মাতা- মোছাঃ ইসমত আরা বেগম, সাং- পশ্চিম আমিরাবাদ, থানা- সীতাকুন্ড, জেলা- চট্টগ্রাম। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তাদের নিকট থেকে ০১ টি সিপিইউ ও ০২ টি মোবাইল ফোন জব্দ করেছে।

উল্লেখ্য যে, গত ১৮ নভেম্বর ২০২০ খ্রিঃ এন্টি টেররিজম ইউনিট অভিযান চালিয়ে রাজধানীর দক্ষিণখান থেকে হিবুত তাহরীর চার সক্রিয় সদস্যকে গ্রেফতার করা হয়েছিল। গ্রেফতারকৃত আসামীদের জিজ্ঞাসাবাদের জন্য আদালত চার দিনের রিমান্ড মঞ্জুর করে। জিজ্ঞাসাবাদে তাদের কাছ থেকে তাদের সহযোগীদের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গিয়েছে। উক্ত তথ্যের ভিত্তিতে ঢাকা মহানগরী ও গাজীপুর দক্ষিণ এলাকায় দায়িত্বশীল আসামী আল মাহমুদ এর প্রধান সহযোগী সৈয়দ ইসতিয়াক আহমদ কায়সারকে এন্টি টেররিজম ইউনিট গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃত সদস্য খিলাফত প্রতিষ্ঠার উদ্দেশ্যে রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, লিফলেট বিতরণ, পোস্টারিং এর মাধ্যমে প্রচার-প্রচারণা, অনলাইনে সম্মেলন ও অনলাইনভিত্তিক প্রচারণা পরিচালনা করে আসছিল। এছাড়া তারা রাষ্ট্রের অখণ্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য বিভিন্ন সময়ে একত্রিত হয়ে ষড়যন্ত্র করত।

ধৃত আসামী রাষ্ট্রের নিরাপত্তা, সন্ত্রাসী কাজে সহযোগীতা, প্রচারণা, প্ররোচনা ও সার্বভৌমত্ব বিপন্ন করার উদ্দেশ্যে নিষিদ্ধঘোষিত হিবুত তাহরীর সংগঠন এর সক্রিয় সদস্য হওয়ায় তাকে দক্ষিণখান থানায় মামলা নং-৪০ তারিখ- ১৮/১১/২০২০খ্রিঃ সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ৬(২)/৮/৯/১০/১১/১২/১৩ ধারায় সোপর্দ করা হয়েছে।



২৫/১১/২০২০

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।